নির্বাহী প্রকৌশলীর দপ্তর
খুলনা ড্রেজার অপারেশন বিভাগ
বাপাউবো, লবণচরা, খুলনা।
ফোন নং-০১৭১১-৮৯৩৩০০ (অফিস)
ই-মেইল: xenkdd@gmail.com

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
Bangladesh Water Development Board

Office of the Executive Engineer
Khulna Dredger Operation Division
BWDB, Labonchara, Khulna.
Phone No-01711-893300 (Office)
E-mail: xenkdd@gmail.com

স্মারক নং-নিঃপ্রঃ/খুড্রেঅবি/প্রশাঃ/স-১৯/৬৪(২০২৬-২০২৭)    তারিখ: ১৬-০৭-২০২৬খ্রি.

## "সীমিত দরপত্র পদ্ধতিতে ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তির ও নবায়নের বিজ্ঞপ্তি"

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, খুলনা ড্রেজার অপারেশন বিভাগ, বাপাউবো, লবণচরা, খুলনা দপ্তরের অধীন পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০২৫ এর আলোকে সীমিত দরপত্র পদ্ধতি (LTM) এর আওতায় অনধিক ০৫ (পাঁচ) কোটি টাকা পর্যন্ত অভ্যন্তরীন ক্রয় কার্য ও ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা পর্যন্ত পণ্য সরবরাহের লক্ষ্যে ২০২৬-২৭ খ্রি. অর্থ বছরের জন্য ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তি/নবায়ন করা হবে। তত্বাবধায়ক প্রকৌশলী, কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকা এর স্মারক নং-৪২.০১.০০০০.০০৫.২২.০০৩.১৫.১৩৪; তারিখ: ২০-০৭-২০২০খ্রি. মোতাবেক এবং এর ধারাবাহিকতায় নির্ধারিত আবেদন ফরম এর মূল্য পরিশোধ সাপেক্ষে অত্র দপ্তরের প্রাক্কলনিকের নিকট হতে সংগ্রহ করা যাবে। ঠিকাদার তালিকাভুক্তি ও নবায়নের কার্যক্রম সাপ্তাহিক ও সরকারি ছুটির দিন ব্যতিত অফিস চলাকালীন সময় পর্যন্ত অব্যাহত থাকবে। নির্ধারিত তারিখ ও সময়ের পরে তালিকাভূক্তি ও নবায়নের ফরম বিতরণ/বিক্রয় এবং আবেদন গ্রহণ করা হবে না।

১। ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তির আবেদন ফরম বিতরণ/বিক্রয় ও গ্রহণের তফসিলঃ

| ক্রমিক নং | আবেদনের ধরণ | ফরম বিক্রয়ের শুরুর তারিখ | ফরম বিক্রয়ের শেষ তারিখ | তালিকাভুক্তির আবেদন গ্রহণের সর্বশেষ তারিখ |
|---|---|---|---|---|
| ১। | ঠিকাদার/সরবরাহকারী তালিকাভূক্তি (কার্য ও পণ্য) | ২০-০৭-২০২৬খ্রি. | ৩১-০৮-২০২৬খ্রি. | ৩১-০৮-২০২৬খ্রি. |

২। ঠিকাদার/সরবরাহকারী নবায়নের আবেদন ফরম বিতরণ/বিক্রয় ও গ্রহণের তফসিলঃ

| ক্রমিক নং | আবেদনের ধরণ | ফরম বিক্রয়ের শুরুর তারিখ | ফরম বিক্রয়ের শেষ তারিখ | নবায়নের আবেদন গ্রহণের সর্বশেষ তারিখ |
|---|---|---|---|---|
| ১। | ঠিকাদার/সরবরাহকারী নবায়ন (কার্য ও পণ্য) | ২০-০৭-২০২৬খ্রি. | ৩১-০৮-২০২৬খ্রি. | ৩১-০৮-২০২৬খ্রি. |

৩। ঠিকাদার/সরবরাহকারী তালিকাভূক্তি ও নবায়নের (কার্য ও পণ্য) প্রয়োজনীয় নির্দেশনাবলীঃ

| ক্রমিক নং | নির্দেশনাবলী | বিবরণ |
|---|---|---|
| ১। | আবেদনের যোগ্যতা | ০১) বৈধ হালনাগাদ ট্রেড লাইসেন্স ০২) ভ্যাট ও ট্যাক্স ক্লিয়ারেন্স সার্টিফিকেট ০৩) হালনাগাদ আইটি ক্লিয়ারেন্স সার্টিফিকেট ০৪) ২৫ (পঁচিশ) লক্ষ টাকার স্থিতি সম্বলিত ব্যাংক স্টেটমেন্ট/ব্যাংক সনদ (বিজ্ঞপ্তি জারির তারিখ হতে আবেদন গ্রহণের শেষ তারিখের মধ্যে হতে হবে) ০৫) জাতীয় পরিচয়পত্র ০৬) পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি ছবি ০৭) প্রতিষ্ঠানের যন্ত্রপাতি ও জনবলের তালিকা ০৮) ঠিকাদার/প্রতিষ্ঠান কর্তৃক ডকুমেন্টের নির্ধারিত ফর্ম অনুযায়ী ৩০০.০০ (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ্যাফিডেফিট এর কপি। |
| ২। | আবেদন ফি (তালিকাভূক্তি ও নবায়ন) | আবেদন ফি ৫০০/- (পাঁচশত) টাকা (অফেরযোগ্য) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, নূরনগর, খুলনা এর অনুকূলে অত্র দপ্তরে দাখিলের মাধ্যমে আবেদনপত্র সংগ্রহ করতে হবে। |
| ৩। | তালিকাভূক্তি নিবন্ধন ফি | নিবন্ধন ফি ৫০০০/- (পাঁচ হাজার) টাকা (অফেরযোগ্য) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, নূরনগর, খুলনা এর অনুকূলে এবং সরকার নির্ধারিত ফি এর অতিরিক্ত ১৫% হারে মূল্য সংযোজন কর (ভ্যাট) বাবদ ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা (অফেরতযোগ্য) চালান বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের সনাক্তকরণ BIN: 000781915-0202 এর অনুকূলে **এবং একক মালিকানাধীন প্রতিষ্ঠানের স্বত্বাধাকারী নারী হইলে** তালিকাভূক্তি নিবন্ধন ফি ৩০০০/- (তিন হাজার) টাকা (অফেরযোগ্য) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, নূরনগর, খুলনা এর অনুকূলে ও সরকার নির্ধারিত ফি এর অতিরিক্ত ১৫% হারে মূল্য সংযোজন কর (ভ্যাট) বাবদ ৪৫০/- (চারশত পঞ্চাশ) টাকা (অফেরতযোগ্য) চালান বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের সনাক্তকরণ BIN: 000781915-0202 এর অনুকূলে জমা প্রদান করতঃ সকল পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/চালান অত্র দপ্তরে দাখিল করতে হবে। |
| ৪। | নবায়ন নিবন্ধন ফি | নবায়ন নিবন্ধন ফি ২০০০/- (দুই হাজার) টাকা (অফেরযোগ্য) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, নূরনগর, খুলনা এর অনুকূলে ও সরকার নির্ধারিত ফি এর অতিরিক্ত ১৫% হারে মূল্য সংযোজন কর (ভ্যাট) বাবদ ৩০০/- (তিনশত) টাকা (অফেরতযোগ্য) চালান বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের সনাক্তকরণ BIN: 000781915-0202 এর অনুকূলে **এবং একক মালিকানাধীন প্রতিষ্ঠানের স্বত্বাধাকারী নারী হইলে** নবায়ন নিবন্ধন ফি ১৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা (অফেরযোগ্য) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, নূরনগর, খুলনা এর অনুকূলে ও সরকার নির্ধারিত ফি এর অতিরিক্ত ১৫% হারে মূল্য সংযোজন কর (ভ্যাট) বাবদ ২২৫/- (দুইশত পঁচিশ) টাকা (অফেরতযোগ্য) চালান বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের সনাক্তকরণ BIN: 000781915-0202 এর অনুকূলে জমা প্রদান করতঃ সকল পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/চালান অত্র দপ্তরে দাখিল করতে হবে। |

৪। বর্তমান প্রেক্ষাপটে আর্থিকভাবে অসচ্ছল অথবা দেউলিয়া ব্যাংক হিসেবে পরিচিত কোন ব্যাংকের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট গ্রহণযোগ্য হবে না।

৫। নবায়নের ক্ষেত্রে ঠিকাদার/সরবরাহকারী তালিকাভূক্তির নিবন্ধন বহি জমা প্রদান করতে হবে।

৬। সীমিত দরপত্র পদ্ধতিতে (LTM) দরপত্রে অংশগ্রহণের জন্য e-GP Registration থাকা বাধ্যতামূলক।

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
Bangladesh Water Development Board

নির্বাহী প্রকৌশলীর দপ্তর
খুলনা ড্রেজার অপারেশন বিভাগ
বাপাউবো, লবণচরা, খুলনা।
ফোন নং-০১৭১১-৮৯৩৩০০ (অফিস)
ই-মেইল: xenkdd@gmail.com

**Office of the Executive Engineer**
Khulna Dredger Operation Division
BWDB, Labonchara, Khulna.
Phone No-01711-893300 (Office)
E-mail: xenkdd@gmail.com

৭। ঠিকাদারগণের আবেদনপত্র যাচাই বাচাই পূর্বক প্রাথমিকভাবে নির্বাচিত ঠিকাদারগণের তালিকা প্রকাশিত হবার পর তালিকাভূক্তিকরণ ফি ও নবায়ন ফি (পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/চালান) প্রাক্কলন শাখায় জমা করতে হবে।

উল্লেখ্য যে, ক্রয়কারী কর্তৃপক্ষ (Procuring Entity) আবেদনকারীদের আবেদনপত্র যাচাই-বাছাই সাপেক্ষে কোন কারণ দর্শানো ব্যতিরেকে আবেদন গ্রহণ বা বাতিল করার ক্ষমতাবান।

**স্বাক্ষরিত/-**
(সৈকত বিশ্বাস)
পরিচিতি নং-৮৭০১১৫০০১
নির্বাহী প্রকৌশলী (অতিঃ দাঃ)
খুলনা ড্রেজার অপারেশন বিভাগ
বাপাউবো, লবণচরা, খুলনা।
তারিখ: ১৬-০৭-২০২৬খ্রি.

স্মারক নং-নিঃপ্রঃ/খুড্রেঅবি/প্রশাঃ/স-১৯/৬৪/১(১৪)

অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:-

১. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ড্রেজার, বাপাউবো, খুলনা।
২. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ড্রেজার অপারেশন সার্কেল, বাপাউবো, খুলনা।
৩. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকা।
৪. পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা (বিজ্ঞপ্তিটি জাতীয় পর্যায়ে বহুল প্রচারিত ১টি বাংলা ও ১টি ইংরেজি পত্রিকায় এবং খুলনা জেলায় প্রকাশিত ১টি পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মহোদয়কে অনুরোধ করা হলো)।
৫. সি এস ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬. জেলা প্রশাসক, খুলনা।
৭. পুলিশ সুপার, খুলনা।
৮. সিনিয়র সিস্টেম এনালিস্ট, সেন্ট্রাল আইসিটি সেল, প্রধান প্রকৌশলী, মনিটরিং এর দপ্তর, বাপাউবো, ঢাকা (বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের জন্য মহোদয়কে অনুরোধ করা হলো)।
৯. উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, নূরনগর, খুলনা।
১০. উপ-বিভাগীয় প্রকৌশলী, খুলনা ড্রেজার অপারেশন উপ-বিভাগ-২, বাপাউবো, লবণচরা, খুলনা।
১১. সহকারী প্রকৌশলী, খুলনা ড্রেজার অপারেশন বিভাগ, বাপাউবো, লবণচরা, খুলনা।
১২. প্রাক্কলনিক/উপ-সহকারী প্রকৌশলী (সংশ্লিষ্ট), খুলনা ড্রেজার অপারেশন বিভাগ, বাপাউবো, লবণচরা, খুলনা। ঠিকাদার তালিকাভূক্তি করণের ফরম আগ্রহী ব্যাক্তি/প্রতিষ্ঠানের নিকট যথানিয়মে বিতরণ এবং আবেদনপত্র সমূহ গ্রহণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বলা হলো।
১৩. হিসাব শাখা, খুলনা ড্রেজার অপারেশন বিভাগ, বাপাউবো, লবণচরা, খুলনা।
১৪. নোটিশ বোর্ড/অফিস কপি।

16-7-26
নির্বাহী প্রকৌশলী
খুলনা ড্রেজার অপারেশন বিভাগ
বাপাউবো, লবণচরা, খুলনা।